

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

B.A./B.SC. SECOND SEMESTER EXAMINATION, MAY 2012

FIRST YEAR

BENGALI (Honours)

Paper : II

Date : 21/05/2012

Time : 11 am – 3 pm

Full Marks : 100

1. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : [10×2]  
ক) ভারতচন্দ্রের কাব্য 'রাজকণ্ঠের মণিমালা' – মন্তব্যটির তাৎপর্য উল্লেখ করে কবির কাব্যকৃতির শ্রেষ্ঠত্বের কারণ নির্ণয় করো।  
খ) পূর্ববঙ্গগীতিকা বলতে কী বোঝ? বাংলা গীতিকাসাহিত্যে এই জাতীয় সৃষ্টির স্থান নির্ণয় করো। [2+8]  
গ) শাক্তপদাবলীর ইতিহাসে কবি রামপ্রসাদের প্রতিভার মূল্যমান নির্ণয় করো।  
ঘ) গোবিন্দদাসকে 'দ্বিতীয় বিদ্যাপতি' বলা হয় কেন? তাঁর কবিপ্রতিভার সম্যক বিশ্লেষণ করো।
2. যে কোন একজন লেখকের উপর টীকা লেখো : (লেখকের সময়, লেখকের রচিত গ্রন্থের নাম, রচিত গ্রন্থের বিষয়বস্তু এবং বাংলা সাহিত্যে লেখকের স্থান – এই চারটি বিষয়ের উপর লিখতে হবে) [5]  
কমলাকান্ত চক্রবর্তী, কাশীরাম দাস।
3. যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : [12·5×2]  
ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।  
খ) বৈদিক ও ক্ল্যাসিক্যাল সংস্কৃতের ভাষাতাত্ত্বিক পার্থক্যগুলি লেখো।  
গ) শব্দার্থতত্ত্বের প্রসার, সংকোচ এবং রূপান্তর — এই তিনটি ধারার উদাহরণসহ সংজ্ঞা লেখো।  
ঘ) স্বরধ্বনির লোপ ও আগম সংক্রান্ত ধ্বনিপরিবর্তনের ধারাগুলির সংজ্ঞা ও উদাহরণ দাও।
4. 'চণ্ডীমঙ্গলের ভাঁড়ুদত্ত একটি টাইপ চরিত্র'— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করে চরিত্রটির আধুনিকতা বুঝিয়ে দাও। [11]  
অথবা,  
চণ্ডীমঙ্গলের 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশটিতে সামাজিক, রাষ্ট্রিক ও অর্থনৈতিক ছবির যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
5. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :  
ক) 'আমানি খাবার গর্ত দেখো বিদ্যমান' —কে, কাকে, কেন এই কথাগুলি বলেছে? [1+1+2]  
খ) 'ঘসিয়া মাজিয়া বাপু কর্যাছ উজ্জ্বল'—বক্তা কে? শ্রোতা কে? কখন বলেছে এই কথা? কেন সে বলেছে এমন কথা?[1+1+1+1]
6. লোকসংস্কৃতির চর্চায় মর্গানের তত্ত্বটি কী? সেটি বিশদে আলোচনা করো। [15]  
অথবা,  
টোটম ও ট্যাবু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
7. যে কোন দুটির সংজ্ঞা ও উদাহরণ দাও : [5+5]  
সন্দেহ, উৎপ্রেক্ষা, শ্লেষ, যমক, নিশ্চয়, বিরোধাস
8. নীচের যে কোন দুটির অলঙ্কার নির্ণয় করো : [5+5]  
ক) শয়নে-স্বপনে ভাবিয়া তারা।  
নিমিষ-নিহত নয়ন তারা।।  
খ) আছিলাম একাকিনী বসিয়া কাননে।  
আনিয়াছে তোর স্বামী বাঙ্কি নিজ গুণে।।  
গ) জীবন-উদ্যানে তোর যৌবন-কুসুম ভাতি  
কতদিন রবে?

ঘ) হাটে হাটে আমি ঘুরে যে বেড়াই  
সে নহে করিতে হাট  
হাটের বক্ষে দেখে যাই আমি  
কত যে কাঁদিয়ে মাঠ।

